**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ০৮ নভেম্বর ২০০৬/২৪ কার্তিক ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬/১১৬ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নলিখিত উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদসমূহ পুনর্গঠন করেছে ঃ

(ক) সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।
(খ) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।
(গ) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)।
(ঘ) জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)
(ঙ) প্রশাসন বিষয়ক উপদেষ্টা পরিষদ কমিটি।
(চ) জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।

২। উপরিউক্ত উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদসমূহের গঠন, সহায়তাদানকারী কর্মকর্তাগণ, কমিটি কার্যপরিধি (টার্মস অব রেফারেন্স) এবং সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগের নাম পরিশিষ্ট 'ক' হতে 'চ'- তে প্রদত্ত হলো।

৩। উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদসমূহের সভার কার্যবিবরণী অনুমোদিত হওয়ার তিন দিনের মধ্যে সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক এর অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগে (কমিটি ও উন্নয়ন অনু বিভাগ-এ) প্রেরণ করতে হবে।

৪। উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদ সমূহের যে সমস্ত সুপারিশ/সিদ্ধান্ত চূড়ান্ত অনুমোদনের জন্য উপদেষ্টা পরিষদ সভায় পেশ করার প্রয়োজন, তা উপদেষ্টা পরিষদ সভায় পেশ করতে হবে। উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদ সমূহের অন্যান্য সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়নের পূর্বে প্রধান উপদেষ্টার অনুমোদনের জন্য পেশ করতে হবে।

৫। এতদসংক্রান্ত পূর্বে গঠিত কমিটি/পরিষদ বাতিল বলে গণ্য হবে।

৬। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহাম্মদ আব্দুস সামাদ
যুগ্মসচিব
কমিটি ও উন্নয়ন

পরিশিষ্ট-ক

## সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি

(ক) **কমিটির গঠন ঃ**

(১) উপদেষ্টা, — আহ্বায়ক
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়,
ভূমি মন্ত্রণালয় এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়।

(২) উপদেষ্টা, -সদস্য
অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়,
এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়।

(৩) উপদেষ্টা, -সদস্য
কৃষি মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

(৪) উপদেষ্টা, -সদস্য
মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

(৫) উপদেষ্টা, -সদস্য
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

(৬) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা।

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব।
(২) মুখ্য সচিব/সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
(৩) সচিব, অর্থ বিভাগ।
(৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
(৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগ।
(৬) পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট সদস্য।
(৭) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব।

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) সকল মন্ত্রণালয়/বিভাগ/অধঃস্তন দপ্তর/আধাসরকারী সংস্থা/স্বায়ত্তশাসিত সংস্থা/রাষ্ট্রীয়কৃত শিল্প কর্তৃক প্রদত্ত এককভাবে পঁচিশ কোটি টাকার উর্দ্ধে ক্রয় এবং চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

(২ পরামর্শক সার্ভিস (কনসালট্যান্সি সার্ভিসেস) সংক্রান্ত পাঁচ কোটি টাকার উর্দ্ধের চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

(৩) উপরের (১) ও (২) উপ অনুচ্ছেদে উল্লিখিত অংকের টাকার (অর্থাৎ যথাক্রমে ২৫ কোটি ও ৫ কোটি টাকার উর্দ্ধে) পুনঃদরপত্র আহ্বানের পুনর্বিবেচনা সংক্রান্ত সকল প্রস্তাব বিবেচনা;

৪। সরকারের বিভিন্ন সংস্থার অনুসৃত দরপত্র আহ্বান পদ্ধতির পর্যালোচনা এবং পরিবীক্ষণ;

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির উপর অর্পিত কাজের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

পরিশিষ্ট-খ

## অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি

**(ক) কমিটির গঠন ঃ**

(১) উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, — আহ্বায়ক

(২) উপদেষ্টা, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, যোগাযোগ মন্ত্রণালয় এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, -সদস্য

(৩) উপদেষ্টা, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, -সদস্য

(৪) উপদেষ্টা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং সমাজ কল্যাণ মন্ত্রণালয়; -সদস্য

(৫) উপদেষ্টা, শিল্প মন্ত্রণালয়, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়; -সদস্য

(৬) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা।

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব।
(২) মুখ্য সচিব/সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
(৩) গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
(৪) সচিব, শিল্প মন্ত্রণালয়।
(৫) সচিব, অর্থ বিভাগ।
(৬) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়।
(৭) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
(৮) সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
(৯) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।
(১০) পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট সদস্য।
(১১) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব।

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) দেশের সার্বিক অর্থ ও অর্থনৈতিক বিষয়াদি পর্যালোচনা ও মূল্যায়ন;

(২ উপদেষ্টা পরিষদে উপস্থাপনের পূর্বে নিম্নলিখিত প্রস্তাব/ নীতিসমূহ বিবেচনা ও সুপারিশ প্রণয়নঃ

(ক) বাণিজ্য নীতি, আমদানী নীতি, রপ্তানী নীতি প্রভৃতিসহ।
(খ) শিল্প নীতি।
(গ) বাজেট ও কর সংক্রান্ত প্রস্তাবাবলী ।

(৩) ব্যাংক, বীমা ও অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুসৃত নীতি পর্যালোচনা ও মূল্যায়ন এবং প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন।

৪। বিভিন্ন সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের জন্য ভর্তুকী সংক্রান্ত বিষয়াদি।

**(ঘ)** উপদেষ্টা কমিটি প্রয়োজন অনুসারে বৈঠক মিলিত হবে।

**(ঙ)** মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**(চ)** মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির উপর অর্পিত কাজের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

পরিশিষ্ট-গ

## জাতীয় অর্থনেতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)

**(ক) কমিটির গঠন ঃ**

(১) প্রধান উপদেষ্টা -চেয়ারম্যান

(২) উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, -ভাইস- চেয়ারম্যান

(৩) উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় -সদস্য

(৪) উপদেষ্টা, পানি সম্পদ মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয় -সদস্য

(৫) উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় -সদস্য

(৬) উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় -সদস্য

(৭) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা -সদস্য

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব।
(২) মুখ্য সচিব/সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
(৩) সচিব, অর্থ বিভাগ।
(৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
(৫) সচিব, পরিকল্পনা বিভাগ।
(৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
(৭) সদস্য (সাধারণ অর্থনীতি) পরিকল্পনা কমিশন।
(৮) সদস্য (কার্যক্রম) পরিকল্পনা কমিশন।
(৯) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ।

**(গ) নির্বাহী কমিটির কার্যপরিধি ঃ**

(১) সকল বিনিয়োগ প্রকল্পের প্রকল্প সারপত্র বিবেচনা ও অনুমোদন
(২) সরকারী খাতে ২৫ (পঁচিশ) কোটি টাকার উর্দ্ধে মোট বিনিয়োগ ব্যয় সম্বলিত প্রকল্পে প্রাক-একনেক সভার সুপারিশক্রমে বিবেচনা ও অনুমোদন।
(৩) উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
(৪) বেসরকারী উদ্যোগ, যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহণ বিনিয়োগ কোম্পানীসমূহের প্রস্তাব বিবেচনা।
(৫) অর্থনৈতিক পরিস্থিতির পরিবীক্ষণ ও দেশের সামগ্রিক অর্থনৈতক কর্মকান্ড ও সংশ্লিষ্ট নীতি-নির্ধারণী বিষয়সমূহ পর্যারোচনা।
(৬) বিধিবদ্ধ সংস্থাসমূহের সম্পাদিত কার্যাবলী বিশেষতঃ উহাদের আর্থিক ফলাফল বিবেচনা।
(৭) সরকারী সংস্থাসর্মূহের উৎপন্ন দ্রব্যের মূল্য ও জনসেবামূলক সার্ভিসসমূহের রেট, ফিস, ইত্যাদি বিবেচনা।
(৮) বৈদেশিক সাহায্য, বাণিজ্যিক সম্প্রসারণ ও জনশক্তি রপ্তানী বিষয়ে বিদেশে বাংলাদেশের বিভিন্ন মিশনের জন্য নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রাসমূহের অগ্রগতি পর্যালোচনা।

**(ঘ)** নির্বাহী কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হবে।

**(ঙ)** পরিকল্পনা বিভাগ নির্বাহী কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

পরিশিষ্ট-ঘ

## জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)

**(ক) কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | প্রধান উপদেষ্টা | সভাপতি |
| (২) | উপদেষ্টা পরিষদের সদস্যগণ | -সদস্য |

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব।

(২) গভর্নর, বাংলাদেশ ব্যাংক।

(৩) পরিকল্পনা কমিশনের সদস্যগণ।

(৪) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ।

**(গ) পরিষদের কার্যপরিধি ঃ**

(১) পঞ্চ-বার্ষিক পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন কর্মসূচী এবং অর্থনৈতিক কর্মপন্থা (পলিসি) নিরুপণের প্রাথমিক পর্যায়ে সামগ্রিক দিক নির্দেশনা প্রদান;

(২) পরিকল্পনা কর্মসূচী এবং কর্মপন্থার চূড়ান্তকরণ এবং অনুমোদন প্রদান;

(৩) উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

(৪) আর্থ-সামাজিক উন্নয়নে প্রয়োজনীয় সিদ্ধান্ত ও ব্যবস্থা গ্রহণ; এবং

(৫) জাতীয় অর্থনৈতিক পরিষদের দায়িত্ব পালনে সহায়ক বিবেচিত যে কোন কমিটি গঠন।

**(ঘ)** পরিষদের বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

**(ঙ)** পরিকল্পনা বিভাগ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

পরিশিষ্ট-ঙ

## প্রশাসন বিষয়ক উপদেষ্টা পরিষদ কমিটি ঃ

(ক) কমিটির গঠন ঃ

(১) প্রধান উপদেষ্টা — আহ্বায়ক

(২) উপদেষ্টা,
মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় -সদস্য

(৩) উপদেষ্টা,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। -সদস্য

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ

(১) মন্ত্রিপরিষদ সচিব।
(২) মুখ্য সচিব/সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
(৩) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
(৪) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।
(৫) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ।

(গ) পরিষদের কার্যপরিধি ঃ

(১) সরকারের উচ্চ পর্যায়ের পদে এবং বিভাগীয় প্রধান/স্বায়ত্বশাসিত সংস্থার প্রধান/পরিচালনা পরিষদের সদস্য/পরিচালক পদে নিয়োগের ও প্রয়োজনীয় ক্ষেত্রে রদবদলের প্রস্তাব বিবেচনা করা।
(২) সরকারের উচ্চ পর্যায়ের চুক্তিভিত্তিক নিয়োগ প্রস্তাবের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা।
(৩) মাঠ পর্যায়ে নিয়োগের জন্য যোগ্যতার তালিকা (ফিটলিষ্ট) প্রণয়ন ও মাঠ পর্যায়ে নিয়োগের নীতিমালার বিষয়ে দিক-নির্দেশনা প্রদান এবং সংশ্লিষ্ট পদসমূহে পদায়ন ও প্রয়োজনীয় ক্ষেত্রে রদবদলের বিষয়ে সিদ্ধান্ত প্রদান ।

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

পরিশিষ্ট-চ

**জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি ঃ**

**(ক) কমিটির গঠন ঃ**

(১) উপদেষ্টা, — আহ্বায়ক
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়,
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, যোগাযোগ মন্ত্রণালয় এবং
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

(২) উপদেষ্টা, -সদস্য
পানিসম্পদ মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

(৩) উপদেষ্টা, -সদস্য
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

(৪) উপদেষ্টা, -সদস্য
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং
সমাজকল্যাণ মন্ত্রণালয়

(৫) উপদেষ্টা, -সদস্য
শিল্প মন্ত্রণালয়, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়,
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব।
(২) সচিব, অর্থ বিভাগ।
(৩) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
(৪) সচিব, তথ্য মন্ত্রণালয়।
(৫) সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
(৬) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।
(৭) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) জাতীয় পুরস্কার প্রদানের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হইতে প্রাপ্ত প্রস্তাবসমূহ পরীক্ষা করা;
(২) বিভিন্ন জাতীয় পুরস্কারের ক্রমমূল্যায়ন এবং প্রয়োজনবোধে পরিবর্তনের জন্য সুপারিশ প্রদান;
(৩) নূতন ধরণের কোন জাতীয় পুরস্কার প্রবর্তনের প্রস্তাব পরীক্ষা করা।

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির উপর অর্পিত কাজের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৭ অক্টোবর ২০০৬/২ কার্তিক ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/কপগ-৫/২০০২/১১২- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের গত ৩১-৩-২০০২ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-৫/২০০২/৬৬ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত "জাতীয় মহিলা উন্নয়ন পরিষদ (NCWD)" এ ৪৬ নম্বর ক্রমিকে বর্ণিত সম্মানিত সদস্য বেগম সালমা খান-এর পরিবর্তে বেগম ফেরদৌস আরা বেগম-কে অন্তর্ভূক্ত করেছে।

২। পরিষদের অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মুহাম্মদ আব্দুস সামাদ)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ০৫ অক্টোবর ২০০৬/২০ আশ্বিন ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৬/১০৬- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১৮ এপ্রিল ২০০৬/০৫ বৈশাখ ১৪১৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৬/৫৩ নম্বর প্রজ্ঞাপনদ্বারা গঠিত "সন্ত্রাস বিরোধী আইন,২০০৬ এর খসড়া সার্বিকভাবে পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ প্রদান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি"র সুপারিশ দাখিলের সময়সীমা আগস্ট ২০০৬ তারিখ থেকে পরবর্তী দু'মাস অর্থাৎ ১৮ অক্টোবর ২০০৬ তারিখ পর্যন্ত বর্ধিত করেছে।

২। কমিটি অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মুহাম্মদ আব্দুস সামাদ)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ০৫ অক্টোবর ২০০৬/২০ আশ্বিন ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৬/১০৫- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১৮ এপ্রিল ২০০৬/০৫ বৈশাখ ১৪১৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৬/৫৩ নম্বর প্রজ্ঞাপনদ্বারা গঠিত “সন্ত্রাস বিরোধী আইন,২০০৬ এর খসড়া সার্বিকভাবে পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ প্রদান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি”তে মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়-কে সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করেছে।

২। কমিটি অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মুহাম্মদ আব্দুস সামাদ)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২৮ আগস্ট ২০০৬/১৩ ভাদ্র ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/মসক-৪/৯৮/৯৫- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার "বয়স্কভাতা প্রদান কর্মসূচীর সার্বিক তত্ত্বধান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করেছে ঃ

(ক) কমিটির নাম ঃ বয়স্কভাতা প্রদান কর্মসূচীর সার্বিক তত্ত্বধান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

(খ) কমিটির গঠন ঃ

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | মন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | মন্ত্রী/প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | প্রতিমন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |

(গ) কমিটি কার্যপরিধি ঃ

(১) প্রতি বছর মার্চ মাসে কমিটির বিশেষ সভা অনুষ্ঠিত হবে এবং উক্ত সভায় বয়স্কভাতা প্রদান কর্মসূচীর পূর্ববর্তী বৎসরের সার্বিক মূল্যায়ন এবং পরবর্তী বৎসরের বাজেট নির্ধারণ করা হবে;

(২) অক্ষম প্রতিবন্ধীদের জন্য ভাতা বিতরণ কর্মসূচীর সার্বিক তত্ত্বধান ও মূল্যায়ন এবং পরবর্তী বছরের বাজেট নির্ধারণ করা;

(৩) বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের জন্য ভাতা বিতরণের সার্বিক তত্ত্বধান ও মূল্যায়ন এবং পরবর্তী বছরের এই সংক্রান্ত বাজেট প্রণয়ন করা; এবং

(৪) অসচ্ছল মুক্তিযোদ্ধাদের ভাতা প্রদান কার্যক্রম, প্রার্থী বাছাইয়ে অনুমোদিত নীতিমালার সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং এই সংক্রান্ত বাজেট প্রণয়ন করা।

২। সমাজ কল্যাণ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। কমিটি প্রতি তিন মাসে একবার বৈঠকে মিলিত হবে।

৪। এ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ০৪ ফেব্রুয়ারি ২০০২ তারিখের মপবি/শাঃপঃ/মসকগ-৪/৯৮/২৯ নম্বর এবং ২৪ এপ্রিল ২০০৬ তারিখের মপবি/কঃবিঃশা/মসকগ-৪/৯৮/৫৫ নম্বর প্রজ্ঞাপনসমূহ এতদ্বারা বাতিল বলে গণ্য হবে।

৫। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মুহাম্মদ আব্দুস সামাদ)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ০৩ আগস্ট ২০০৬/১৯ শ্রাবণ ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/কপগ-৬/২০০২/৮৯-মন্ত্রিপরিষদ বিভাগের ০২ এপ্রিল ২০০২/১৯ চৈত্র ১৪০৮ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-৬/২০০২/৬৯ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত মন্ত্রিসভা কমিটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মুহাম্মদ আব্দুস সামাদ)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৩ জুলাই ২০০৬/২৯ আষাঢ় ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৬/৮৩ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১৮ এপ্রিল ২০০৬/০৫ বৈশাখ ১৪১৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৬/৫৩ নম্বর প্রজ্ঞাপনদ্বারা "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৬ এর খসড়া সার্বিকভাবে পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ প্রণয়নের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি"র সুপারিশ দাখিলের সময়সীমা আগামী ১৮ জুন ২০০৬ তারিখ থেকে পরবর্তী ২(দুই) মাস অর্থাৎ আগামী ১৮ আগস্ট ২০০৬ তারিখ পর্যন্ত বর্ধিত করেছে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, কে, এম আবদুল আউয়াল মজুমদার
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ৩০ মে ২০০৬/১৬ জ্যৈষ্ঠ ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৬/৬৪ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১৮ এপ্রিল ২০০৬/০৫বৈশাখ ১৪১৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৬/৫৩ নম্বর প্রজ্ঞাপনদ্বারা "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৬ এর খসড়া সার্বিকভাবে পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ প্রণয়নের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি"র সুপারিশ দাখিলের সময়সীমা আগামী ১৮ জুন ২০০৬ পর্যন্ত বর্ধিত করেছে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, কে, এম আবদুল আউয়াল মজুমদার
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২৪ এপ্রিল, ২০০৬/১১ বৈশাখ ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/মসক/৪/৯৮/৫৫-মন্ত্রিপরিষদ বিভাগের ০৪ ফেব্রুয়ারি ২০০২ তারিখের নং-মপবি/কঃবিঃশাঃ/মসক/৪/৯৮/২৯ নম্বর প্রজ্ঞাপনদ্বারা গঠিত বয়স্কভাতা প্রদান কর্মসূচীর সার্বিক তত্ত্বাবধান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১২তম সভার সিদ্ধান্ত অনুসারে উক্ত কমিটির কার্যপরিধির অনুচ্ছেদ (খ) এর উপ-অনুচ্ছেদ (২) ও (৩) অবলুপ্ত করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপভাবে সংশোধন করেছে ঃ

(২) অক্ষম প্রতিবন্ধীদের জন্য ভাতা বিতরণ কর্মসূচীর সার্বিক তত্ত্ববধান ও মূল্যায়ন এবং পরবর্তী বছরের বাজেট নির্ধারণ করা।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এ, কে, এম আবদুল আউয়াল মজুমদার)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৮ এপ্রিল, ২০০৬/০৫ বৈশাখ ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৬/৫৩-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্ত্রাস বিরোধী আইন, ২০০৬-এর খসড়া সার্বিকভাবে পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ প্রণয়নের জন্য একটি মন্ত্রিসভা কমিটি গঠন করেছে।

**(ক) কমিটির নাম ঃ** সন্ত্রাস বিরোধী আইন, ২০০৬-এর খসড়া সার্বিকভাবে পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ প্রদান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

**(খ) কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | প্রতিমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |

**(গ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
(২) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
(৩) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
(৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
(৫) সচিব, অর্থ বিভাগ।
(৬) সচিব, স্থানীয় সরকার বিভাগ।

**(ঘ) কমিটির কার্যপরিধি ঃ**

সন্ত্রাস বিরোধী আইন, ২০০৬ এর খসড়া নিবিড়ভাবে পর্যালোচনা ও পরীক্ষা-নিরীক্ষাপূর্বক কমিটি সুপারিশ প্রণয়ন করবে।

২। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। কমিটি আগামী ১৮ মে, ২০০৬ তারিখের মধ্যে সুপারিশ প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এ, কে, এম আবদুল আউয়াল মজুমদার)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১২ এপ্রিল, ২০০৬/২৯ চৈত্র ১৪১২**

নং-মপবি/কঃবিঃশাঃ/মসক-৪/২০০৫/৪৮-মন্ত্রিপরিষদ বিভাগের ০৬ ডিসেম্বর ২০০৫/২২ অগ্রহায়ণ ১৪১২ তারিখের মপবি/কঃবিঃশাঃ/মসক-৪/২০০৫/১৭১ নম্বর প্রজ্ঞাপনদ্বারা "সমন্বিত মৎস্য ও পশু খাদ্য আইন ২০০৫" এর খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশ প্রণয়নের লক্ষ্যে গঠিত মন্ত্রিসভা কমিটির প্রতিবেদন দাখিলের সময়সীমা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পুনরায় আগামী ৩১ মে ২০০৬ পর্যন্ত বর্ধিত করেছে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এ, কে, এম আবদুল আউয়াল মজুমদার)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২৮ মার্চ ২০০৬/১৪ চৈত্র ১৪১২**

নং-মপবি/কঃবিঃশাঃ/সক-২/২০০৬/৪২ চট্টগ্রাম ওয়াসার মোহরা পানি সরবরাহ প্রকল্পের ৯০ এমএলডি ক্ষমতাসম্পন্ন পানি শোধনাগারের ডিজাইন, কনস্ট্রাশন, টেস্টিং, কমিশনিং ও হ্যান্ডিং ওভার কাজের জন্য ঠিকাদার নিয়োগ সংক্রান্ত ঠিকাদার নিয়োগ সংক্রান্ত টেন্ডার ডকুমেন্ট, দাখিলকৃত দরপত্র যাচাই বাছাই প্রক্রিয়া দরপত্র মূল্যায়ন কমিটির প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পুঙ্খানুপঙ্খভাবে পর্যালোচনার জন্য নিম্নরূপভাবে কমিটি গঠন করা হলো ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | আহ্বায়ক |
| (২) | জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন, মহাপরিচালক<br>শিল্প ও শক্তি সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ। | সদস্য |
| (৩) | ডঃ সারোয়ার জাহান মোঃ ইয়াছিন<br>অধ্যাপক, পুরকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা। | সদস্য |

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

কমিটি চট্টগ্রাম ওয়াসার মোহরা পানি সরবরাহ প্রকল্পের ৯০ এমএলডি ক্ষমতাসম্পন্ন পানি শোধনাগারের ডিজাইন, কনস্ট্রাশন, টেস্টিং, কমিশনিং ও হ্যান্ডিং ওভার কাজের জন্য ঠিকাদার নিয়োগ সংক্রান্ত টেন্ডার ডকুমেন্ট, দাখিলকৃত দরপত্র যাচাই-বাছাই প্রক্রিয়া, দরপত্র মূল্যায়ন কমিটির প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনাপূর্বক সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বিবেচনার জন্য সুপারিশ সম্বলিত একটি পুর্ণাঙ্গ প্রতিবেদন পেশ করবে।

২। এ প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে দুই সপ্তাহের মধ্যে কমিটি সুনির্দিষ্ট সুপারিশ সম্বলিত প্রতিবেদন পেশ করবে।

৩। স্থানীয় সরকার বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মুহাম্মদ আব্দুস সামাদ)
উপ-সচিব (অর্থনৈতিক)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৬ মার্চ ২০০৬/০২ ফাল্গুন ১৪১২**

নং-মপবি/কঃবিঃশাঃ/উক-১/২০০৬/৩৫- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ডব্লিউটিও সংক্রান্ত কার্যাবলী নিয়মিতভাবে পর্যালোচনা করে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণের জন্য প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের নিমিত্ত নিম্নরূপভাবে একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করেছে ঃ

(ক) **কমিটির নাম** ঃ ডব্লিউটি সংক্রান্ত কার্যাবলী নিয়মিতভাবে পর্যবেক্ষণ ও পর্যালোচনার লক্ষ্যে একটি উচ্চ পর্যায়ের কমিটি।

(খ) **কমিটির গঠন** ঃ

(১) মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় -চেয়ারম্যান
(২) উপদেষ্টা, বাণিজ্য মন্ত্রণালয় -ভাইস চেয়ারম্যান
(৩) সচিব, বাণিজ্য মন্ত্রণালয় -ভাইস চেয়ারম্যান
(৪) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় অথবা প্রতিনিধি (নূন্যতম যুগ্মসচিব পদমর্যাদার) -সদস্য
(৫) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় অথবা অথবা
মনোনীত প্রতিনিধি (নূন্যতম যুগ্মসচিব পদমর্যাদার)
মনোনীত প্রতিনিধি (নূন্যতম যুগ্মসচিব পদমর্যাদার)
(৬) সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় অথবা মনোনীত প্রতিনিধি (নূন্যতম যুগ্মসচিব পদমর্যাদার) --সদস্য
(৭) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় অথবা মনোনীত প্রতিনিধি (নূন্যতম যুগ্মসচিব পদমর্যাদার) -সদস্য
(৮) সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় অথবা মনোনীত প্রতিনিধি (নূন্যতম যুগ্মসচিব পদমর্যাদার) -সদস্য
(৯) সচিব, কৃষি মন্ত্রণালয় অথবা মনোনীত প্রতিনিধি (নূন্যতম যুগ্মসচিব পদমর্যাদার)
(১০) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় অথবা মনোনীত প্রতিনিধি (নূন্যতম যুগ্মসচিব পদমর্যাদার) -সদস্য
(১১) সচিব, শিল্প মন্ত্রণালয় অথবা মনোনীত প্রতিনিধি (নূন্যতম যুগ্মসচিব পদমর্যাদার) -সদস্য
(১২) সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড অথবা মনোনীত প্রতিনিধি (নূন্যতম যুগ্মসচিব পদমর্যাদার) -সদস্য
(১৩) চেয়ারম্যান, বাংলাদেশ ট্যারিফ কমিশন -সদস্য
(১৪) ভাইস চেয়ারম্যান, রপ্তানী উন্নয়ন ব্যুরো সদস্য
(১৫) অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপযুক্ত প্রতিনিধি -সদস্য
(১৬) বিআইডিএস-এর উপযুক্ত প্রতিনিধি -সদস্য
(১৭) সভাপতি, এফবিসিসিআই অথবা উপযুক্ত প্রতিনিধি -সদস্য
(১৮) সভাপতি, আইসিসি-বাংলাদেশ অথবা উপযুক্ত প্রতিনিধি -সদস্য
(১৯) সভাপতি, বিজিএমএ অথবা উপযুক্ত প্রতিনিধি -সদস্য
(২০) সভাপতি, বিটিএমএ অথবা উপযুক্ত প্রতিনিধি -সদস্য

(২১) সভাপতি, বিকেএমইএ অথবা উপযুক্ত প্রতিনিধি -সদস্য

(২২) সভাপতি, এমসিসিআই অথবা উপযুক্ত প্রতিনিধি -সদস্য

(২৩) সভাপতি, ডিসিসিআই অথবা উপযুক্ত প্রতিনিধি -সদস্য

(২৪) সিপিডি এর উপযুক্ত প্রতিনিধি -সদস্য

(২৫) প্রেসিডেন্ট, বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউট অথবা উপযুক্ত প্রতিনিধি -সদস্য

(২৬) ডেভেলাপমেন্ট ইনিশিয়েটিভ এর উপযুক্ত প্রতিনিধি -সদস্য

(২৭) সভাপতি, বাংলাদেশ লেদার গুডস মেনুফেকচারিং অথবা উপযুক্ত প্রতিনিধি -সদস্য

(২৮) সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি অথবা উপযুক্ত প্রতিনিধি -সদস্য

(২৯) সভাপতি, বাংলাদেশ ফ্রোজেন ফুডস এক্সপোর্ট এসোসিয়েশন অথবা উপযুক্ত প্রতিনিধি -সদস্য

(৩০) মহা-পরিচালক, ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয় -সদস্য

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) ডব্লিউটিও-র আওতায় নিউ রাউন্ড নেগোসিয়েশন বিষয়ক দিক নির্দেশনা প্রদান :

(২) ডব্লিউটিও চুক্তি ও বিধি পরীক্ষণ, পর্যালোচনা ও বাস্তবায়ন বিষয়ে দিক নির্দেশনা;

(৩) ডব্লিউটিও রুলস এর আওতায় ক্রমবিকাশমান বহুপাক্ষিক বাণিজ্য ব্যবস্থায় উদ্ভূত ইস্যু ও বাংলাদেশের করণীয় বিষয়ে কর্মপরিকল্পনা ও কৌশল নির্ধারণ এবং বাংলাদেশের বাণিজ্য স্বার্থ উন্নয়ন ও সংরক্ষণে সহায়তা প্রদান;

(৪) স্বল্পোন্নত দেশ হিসেবে বাংলাদেশের জন্য বাণিজ্য সুবিধা আদায়ে প্রয়োজনীয় সুবিধা সৃষ্টির লক্ষ্যে নির্দেশনা প্রদান;

(৫) ডব্লিউটিও-র অন্যান্য সদস্য দেশসমূহের মধ্যে কিভাবে বাণিজ্যিক সম্পর্কের উন্নয়ন ঘটানো যায় সে বিষয়ে পরামর্শ প্রদান;

(৬) ডব্লিউটিও বিষয়ক সম্ভাব্য নতুন ইস্যুসমূহের উপর বাংলাদেশের অবস্থান নির্ধারণে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

(৭) বাংলাদেশের জন্য নির্দিষ্টভাবে স্পেশাল এন্ড ডিফারেন্সিয়াল ট্রিটমেন্ট কি হওয়া উচিৎ সে বিষয়ে দিক-নির্দেশনা প্রদান;

(৮) ডব্লিউটিও চুক্তি অনুযায়ী সে সকল বিষয় ফ্রেজ-আউট হয়ে যাবে, সে সকল ক্ষেত্রে বাংলাদেশের বাণিজ্য/অর্থনীতিতে যে প্রতিক্রিয়া/ প্রভাব পড়বে, সে ক্ষেত্রে করণীয় নির্ধারণে দিক-নির্দেশনা প্রদান;

(৯) ডব্লিউটিও চুক্তিতে উল্লেখিত যে সকল ক্ষেত্রে কারিগরি সহায়তা পাওয়া যাবে, সে সকল ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ ও প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;

(১০) গ্যাটস্ ও ট্রিপস্ চুক্তিসহ ডব্লিউটিও-র অন্যান্য চুক্তি অনুযায়ী বাংলাদেশের করণীয় নির্ধারণে প্রয়োজনীয় পরামর্শ প্রদান; এবং

(১১) অন্যান্য বিষয়ে (যা কমিটি প্রয়োজন মনে করবে) প্রয়োজনীয় উপদেশ/দিক-নির্দেশনা প্রদান।

২। কমিটি প্রতিমাসে একবার সভায় মিলিত হবে।

৩। উপর্যুক্ত কমিটি কাজের সুবিধার্থে/প্রয়োজনবোধে কমিটিতে আরও সদস্য কো-অপ্ট করতে পারবে।

৪। বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও সেল কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এ, কে, এম আবদুল আউয়াল মজুমদার)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২২ জানুয়ারি ২০০৬/০৯ মাঘ ১৪১২**

নং-মপবি/কঃবিঃশাঃ/মসক-৪/২০০৫/০৭- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ০৬ ডিসেম্বর ২০০৫/২২ অগ্রহায়ণ ১৪১২ তারিখের মপবি/কঃবিঃশাঃ/মসক-৪/২০০৫/১৭১ নম্বর প্রজ্ঞাপনদ্বারা "সমন্বিত মৎস্য ও পশু খাদ্য আইন ২০০৫" এর খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশ প্রণয়নের লক্ষ্যে গঠিত মন্ত্রিসভা কমিটির প্রতিবেদন দাখিলের সময়সীমা আগামী ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত বর্ধিত করেছে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এ, কে, এম আবদুল আউয়াল মজুমদার)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**
**ঢাকা ,০৬ ডিসেম্বর ২০০৫ /২২ অগ্রহায়ন ১৪১২**

নং-মপবি /ক:বি:শা:/মসক-৪ /২০০৫/১৭১ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সমন্বিত মৎস্য ও পশু খাদ্য আইন ২০০৫ এর খসড়া পরীক্ষা-নিরীক্ষা পূর্বক সুপারিশ প্রণয়নের লক্ষ্যে নিম্নরূপভাবে একটি মন্ত্রিসভা কমিটি গঠন করেছে ঃ

**(ক) কমিটির নাম ঃ** সমন্বিত মৎস্য ও পশু খাদ্য আইন ২০০৫ এর খসড়া পরীক্ষা-নিরীক্ষা পূর্বক সুপারিশ প্রণয়নের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি ।

(খ) কমিটির গঠন ঃ

| | | |
|---|---|---|
| ১) | মন্ত্রী, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় | -আহবায়ক |
| ২) | মন্ত্রী, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় | -সদস্য |
| ৩) | মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় | -সদস্য |
| ৪) | মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয় | -সদস্য |
| ৫) | মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | -সদস্য |

**(গ)সহায়তাদানকারী কর্মকর্তা ঃ**

(১) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
(২) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
(৩) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়
(৪) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়
(৫) সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়
(৬) সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়

**(ঘ) কমিটির কার্যপরিধি ঃ**

(১ ) মৎস্য ও পশু খাদ্য আইন ২০০৫ এর খসড়া পরীক্ষা-নিরীক্ষা পূর্বক সুপারিশ প্রণয়ন করবে;

(২) কমিটি আগামী দুই মাসের অর্থাৎ ৩১ জানুয়ারি ২০০৬ তারিখের মধ্যে সুপারিশ প্রণয়ন চূড়ান্ত করবে;

(৩ ) মন্ত্রিসভা কমিটির সুপারিশের আলোকে মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় প্রস্তাবিত আইনের খসড়া পুনরায় মন্ত্রিসভায় উপস্থাপন করবে ;

(৪) মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়ের প্রস্তাবের প্রেক্ষিতে এ সম্পর্কিত অন্য আইনের খসড়া এ আইনের সাথে একীভূত করে সুপারিশ প্রনয়ণের প্রয়োজন হলে মন্ত্রিসভা কমিটি তা করতে পারবে ;

২। মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এ .কে, এম, আবদুল আউআল মজুমদার )
যুগ্ম-সচিব(কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ০৯ নভেম্বর ২০০৫/২৫ কার্তিক ১৪১২**

নং-মপবি/কঃবিঃশাঃ/মসক-৩/০৫/১৬১- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গণখাতে ক্রয় আইন, ২০০৫ এর খসড়া পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সংশোধনার্থে অভিমত/সুপারিশ প্রদানের নিমিত্ত নিম্নরূপ একটি মন্ত্রিসভা কমিটি গঠন করেছে ঃ

(ক) **কমিটির নাম ঃ** গণখাতে ক্রয় আইন, ২০০৫ এর খসড়া পর্যালোচনাপূর্বক সংশোধনার্থে অভিমত/সুপারিশ প্রদানের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি।

(ক) **কমিটির গঠন ঃ**

(১) জনাব আব্দুল মান্নান ভূঁইয়া -সভাপতি
মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

(২) ডঃ খন্দকার মোশাররফ হোসেন -সদস্য
মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৩) ব্যারিস্টার মওদুদ আহমদ -সদস্য
মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

(৪) জনাব এম, কে আনোয়ার -সদস্য
মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়।

(৫) জনাব আনোয়ারুল কবীর তালুকদার -সদস্য
মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়।

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তা ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব।
(২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
(৩) সচিব, অর্থ বিভাগ।
(৪) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
(৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ণ বিভাগ।

(গ) **কমিটির কর্মপরিধি ঃ**

(১) কমিটি মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপিত খসড়া গণখাতে ক্রয় আইন, ২০০৫ পর্যালোচনাপূর্বক প্রস্তাবিত আইন সংশোধনের বিষয়ে অভিমত/সুপারিশ প্রণয়ন করবে।
(২) কমিটি আগামী ১০ (দশ) দিনের মধ্যে সরকারের নিকট অভিমত/সুপারিশ পেশ করবে।

২। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এ,কে,এম, আবদুল আউয়াল মজুমদার)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

৫৩—

# ক্রয় ও অর্থনৈতিক শাখা সম্পর্কিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ক্রয় ও অর্থনৈতিক শাখা

**পরিপত্র**

নং-০৪.৬১২.০০২.০০.০২.০১০.২০১০-৩৯৭

তারিখ ঃ ০৭ আশ্বিন ১৪১৭ / ২২ সেপ্টেম্বর ২০১০।

বিষয় ঃ প্রকল্প বাস্তবায়ন কালে ঠিকাদারকে অগ্রিম প্রদান সংক্রান্ত।

মন্ত্রিপরিষদ বিভাগের জারীকৃত ২৮/০৭/২০০৪ তারিখের মপবি/শা-ক্রঃঅঃ/অর্থ-০৪/২০০৪-২২৭ নং স্মারকটি এতদ্বারা বাতিল করা হলো। স্মারকের বাতিলকৃত নির্দেশনা অংশটুকু নিম্নরূপ ঃ

"শুধুমাত্র বিদেশী সাহায্যপুষ্ট প্রকল্পে যথাযথ ব্যাংক গ্যারান্টি থাকলে ১০% অগ্রিম প্রদান করা যাবে। তবে দেশীয় অর্থায়নে পরিচালিত/বাস্তবানাধীন কোন প্রকল্পে ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান/পরামর্শক প্রতিষ্ঠানকে অগ্রিম প্রদান না করার সিদ্ধান্ত বহাল থাকবে"।

২। এখন থেকে দেশী/বিদেশী অর্থায়নে পরিচালিত/বাস্তবায়নাধীন কোন প্রকল্পে অগ্রিম প্রদানের (Mobilization Advance) ক্ষেত্রে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এর বিধি-বিধান অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(মোঃ নূরুল করিম)
যুগ্ম-সচিব
ফোনঃ ৭১৬৯৭৪৫।

বিতরণ ঃ

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সচিব/ভারপ্রাপ্ত সচিব/সদস্য
---------------------------------------------------------------

মন্ত্রণালয়/বিভাগ/কমিশন (সকল)।

৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**ক্রয় ও অর্থনৈতিক শাখা**

নং-মপবি/শা-ক্রঃঅঃ/সভা-১(১)/২০০৯-৩৫

তারিখ ঃ ১৪ মাঘ ১৪১৬ / ২৭ জানুয়ারি ২০১০

**বিষয় ঃ সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় বিবেচনার জন্য যথাসময়ে সার-সংক্ষেপ আকারে প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ (১) মপবি/শা-ক্রঃঅঃ/ক্রয়-১১/২০০৭-২০৬, তারিখ ১১ জুন, ২০০৭;
(২) মপবি/শা-ক্রঃঅঃ/ক্রয়-১১/২০০৭-৪৫৮, তারিখ ২৮ নভেম্বর, ২০০৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বিবেচনার জন্য ক্রয় প্রস্তাবের সার-সংক্ষেপে দরপ্রস্তাবের Bid Validity'র মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সূত্রোক্ত ১নং স্মারকে পরিপত্র জারী করা হয়েছিল। কিন্তু কোন কোন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্রের নির্দেশনা পরিপালন না করায় অত্র বিভাগ কর্তৃক ২নং স্মারকে উক্ত জারীকৃত পরিপত্রের সুস্পষ্ট নির্দেশনা অব্যর্থভাবে পরিপালনের জন্য পুনরায় অনুরোধ করা হয়েছিল। তথাপিও কোন কোন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উক্ত স্মারক ও জারীকৃত পরিপত্রের নির্দেশনা পরিপালন না করায় সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা আহ্বান ও পরবর্তী কার্যক্রম সম্পাদনে বিভিন্ন রকম জটিলতার সৃষ্টি হচ্ছে।

২। এছাড়াও গত ১৭/১/২০১০ তারিখে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা আহ্বানের জন্য কমিটির আহ্বায়ক ও মাননীয় মন্ত্রী অর্থ মন্ত্রণালয়ের নিকট কোন একটি ক্রয় প্রস্তাবের ইরফ Validity'র মেয়াদ শেষ হওয়ার ২দিন পূর্বে নথি উপস্থাপন করা হলে তিনি নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন ঃ

"***** **তবে এখন থেকে অন্ততঃ এক সপ্তাহ আগে প্রস্তাব না আসলে তা বিবেচনায় নেয়া হবে না।**"

৩। এমতাবস্থায়, মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এর নির্দেশনা মোতাবেক Bid Validity'র মেয়াদ শেষ হওয়ার অন্ততপক্ষে ৭দিন পূর্বে নথি উপস্থাপনের লক্ষ্যে সূত্রোস্থ পরিপত্রের নির্দেশনা অনুসরণ পূর্বক Bid Validity'র মেয়াদ শেষ হওয়ার ১৫(পনের) দিন পূর্বে মন্ত্রিপরিষদ বিভাগে ক্রয় প্রস্তাব প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, পরিপত্রের নির্দেশনা মোতাবেক ক্রয় প্রস্তাবের সার-সংক্ষেপ যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ না করার কারণে ক্রয় প্রস্তাবের Bid Validity'র মেয়াদ অতিক্রান্ত হওয়ায় মালামাল ও সেবা ক্রয়/সংগ্রহ করার ব্যর্থতার দায় সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর উপর বর্তাবে।

(মোহাম্মদ আতোয়ার রহমান)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।
ফোন ঃ ৭১৬৯৭৪৫।

**বিতরণ ঃ**

১। সচিব/ভারপ্রাপ্ত সচিব/সদস্য
-------------------------------------------------------
মন্ত্রণালয়/বিভাগ/কমিশন (সকল)।

২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়
(মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ক্রয় ও অর্থনৈতিক শাখা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের
অতিরিক্ত গেজেটে প্রকাশিত হবে

## প্রজ্ঞাপন

ঢাকা, ৩০ মার্চ, ২০০৯/১৬ চৈত্র, ১৪১৫

নং-মপবি/শা-ক্রঃঅঃ/অর্থ-০৪/২০০৪/৭৩-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উন্নয়ন প্রকল্পের প্রতিস্থাপক পরামর্শক নিয়োগ সংক্রান্ত পূর্বে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটি নিম্নরূপ পুনর্গঠন করেছে ঃ-

কমিটির গঠন ঃ

| | | |
|---|---|---|
| (১) প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রী | - | সভাপতি |
| (২) সচিব (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ) | - | সদস্য |
| (৩) যুগ্ম-সচিব (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ) | - | সদস্য |
| (৪) যুগ্ম-সচিব, অর্থ বিভাগ | - | সদস্য |
| (৫) যুগ্ম-সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | - | সদস্য |
| (৬) যুগ্ম-সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | - | সদস্য |
| (৭) প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা প্রধান | - | সদস্য-সচিব |

২। এতদ্বারা এ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ০৭ জুলাই ২০০৮ তারিখের মপবি/শা-ক্রঃঅঃ/অর্থ-০৪/ ২০০৪/৩০০ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত কমিটি বাতিল করা হলো। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্টপতির আদেশক্রমে

(মোঃ মতিয়ার রহমান)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।

উপনিয়ন্ত্রক,
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা।
(দৃঃআঃ জনাব আলমগীর হোসেন, সহকারী উপনিয়ন্ত্রক)

বিতরণ ঃ

১। সচিব, ........................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
২। যুগ্ম-সচিব, .............................. বিভাগ।
৩। মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী'র একান্ত সচিব
.............................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৪। ............................................।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১০ নভেম্বর ২০০৯/২৬ কার্তিক ১৪১৬**

নং- মপবি/শা-ক্রঃঅঃ/অর্থ-০৭/০৪/৩৩৫ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ০২ অক্টোবর ২০০৪/ ১৭ আশ্বিন ১৪১১ তারিখের মপবি/শা-ক্রঃঅঃ/অর্থ-০৭/০৪/৩২৩ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত "Bangladesh Private Sector Infrastructure Guidelines" এর অনুচ্ছেদ ৬.২.১ এর ক্রমিক (i) এ উল্লেখিত 'One Member from Bangladesh University of Engineering and Technology (BUET).' এর স্থলে 'One Member from Public Engineering University.' প্রতিস্থাপন করেছে ।

২। প্রজ্ঞাপনের অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

( মোঃ নূরুল করিম )
যুগ্ম-সচিব (কমিটি)

বিতরণ ঃ

১। নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় , তেজগাঁও , ঢাকা।
৩। সচিব/সদস্য, ................................................ মন্ত্রণালয়/বিভাগ/পরিকল্পনা কমিশন (সকল)।
৪। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫। উপনিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (তাঁকে উপরোক্ত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ১৫০ কপি মন্ত্রিপরিষদ বিভাগের ক্রয় ও অর্থনৈতিক শাখায় প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো)।
৬। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সিনিয়র সহকারী সচিব (মন্ত্রিসভা বৈঠক), মন্ত্রিপরিষদ বিভাগ (ইউ,ও, নোট নং সিডি/সিএ/মঃসিঃ/ ২০০৯-১৮৫, তারিখঃ ০৮/১১/০৯ এর বরাতে)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ক্রয় ও অর্থনৈতিক শাখা

নং-মপবি/শা-ক্রঃঅঃ/ক্রয়-১১/২০০৮- ১৭৩

তারিখ ঃ ২০ চৈত্র ১৪১৪।
০৩ এপ্রিল ২০০৮।

**পরিপত্র**

**বিষয় ঃ পাবলিক সেক্টরে ক্রয়/কন্সালটেন্সি সার্ভিসেস সংক্রান্ত চুক্তি সম্পাদন বিষয়ে আর্থিক ক্ষমতা প্রদান।**

সরকারের আর্থিক সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নে গতিশীলতা আনয়নের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পাবলিক সেক্টরে ক্রয়/কন্সালটেন্সি সার্ভিসেস সংক্রান্ত চুক্তি সম্পাদন বিষয়ে সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির আর্থিক ক্ষমতা নিম্নরূপ পুনঃনির্ধারণ করেছে ঃ

সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/অধঃস্তনদপ্তর/আধা-সরকারীসংস্থা/ স্বায়ত্তশাসিতসংস্থা/ রাষ্ট্রীয়কৃত শিল্পপ্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত এককভাবে ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্দ্ধের ক্রয় ও চুক্তি সম্পাদনের প্রস্তাব এবং পরামর্শক সার্ভিস (কনসালটেন্সি সার্ভিসেস) সংক্রান্ত ১০(দশ) কোটি টাকার উর্দ্ধের চুক্তি সম্পাদনের প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি বিবেচনা করবে।

২। এতদবিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত ১৬ জানুয়ারি, ২০০৮ তারিখের মপবি/ কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬/১৭ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির কার্যপরিধি সংশোধিত বলে গণ্য হবে।

৩। সরকারী ক্রয় সংক্রান্ত প্রচলিত পদ্ধতি ও অন্যান্য নিয়মাবলী অপরিবর্তিত থাকবে।

৪। এ সিদ্ধান্ত অনতিবিলম্বে কার্যকর হবে।

আলী ইমাম মজুমদার
মন্ত্রিপরিষদ সচিব।

বিতরণ ঃ

১। উপদেষ্টা
---------------------------------- মন্ত্রণালয়/বিভাগ।

২। স্পেশাল এ্যাসিসট্যান্ট
---------------------------------- মন্ত্রণালয়/বিভাগ।

৩। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়তেজগাঁও, ঢাকা।
৪। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক।
৫। সচিব/ভারপ্রাপ্ত সচিব,
----------------------------------
মন্ত্রণালয়/বিভাগ (তাঁর অধীনস্থ সকল সংস্থা/প্রতিষ্ঠানকে অবহিত করণের অনুরোধ সহকারে)।
৬। সদস্য (সকল) ---------------------------
পরিকল্পনা কমিশন।
৭। প্রধান উপদেষ্টার একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

অতি জরুরী
বিশেষ বহক মারফত।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**ক্রয় ও অর্থনৈতিক শাখা**

নং-মপবি/শা-ক্রঃঅঃ/ক্রয়-১১/২০০৮-১৮০ তারিখ ঃ ২৫ চৈত্র ১৪১৪ / ০৮ এপ্রিল ২০০৮

বিষয়-ঃ **পাবলিক সেক্টরে ক্রয়/কনসালটেন্সি সার্ভিসেস সংক্রান্ত চুক্তি সম্পাদনের বিষয়ে ভূতাপেক্ষ (Post Facto) অনুমোদন প্রসঙ্গে।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ভবিষ্যতে পাবলিক সেক্টরে ক্রয়/কনসালটেন্সি সার্ভিসেস সংক্রান্ত চুক্তি সম্পাদনের বিষয়ে ভূতাপেক্ষ (Post Facto) অনুমোদনের লক্ষ্যে সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বিবেচনার জন্য কোন প্রস্তাব উপস্থাপন করা যাবে না মর্মে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ আলী হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং- ৭১৬৮৩৯৮

১। মূখ্য সচিব,
প্রধান উপদেষ্টার কার্যালয়।

২। সচিব,
---------------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ (সকল)

অনুলিপি ঃ

মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ক্রয় ও অর্থনৈতিক শাখা

পরিপত্র

নং-মপবি/শা-ক্রঃঅঃ/বিবিধ/৮(৯)/২০০৭-১৯৮ তারিখ ঃ ০৭ বৈশাখ ১৪১৫ / ২০ এপ্রিল ২০০৮

বিষয় ঃ বিভিন্ন উপদেষ্টা পরিষদ কমিটির সভায় সহায়তাদানকারী কর্মকর্তাগণের উপস্থিতি প্রসঙ্গে।

বিভিন্ন উপদেষ্টা পরিষদ কমিটিতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সচিব, পরিকল্পনা কমিশনের সদস্য এবং সংস্থা প্রধানগণ সহায়তাদানকারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করে থাকেন। সময় সময় সহায়তাদানকারী কর্মকর্তার অনুপস্থিতিতে উপদেষ্টা পরিষদ কমিটির সভায় তাঁর প্রতিনিধি প্রেরণ করা হয়ে থাকে। প্রতিষ্ঠিত রেওয়াজ অনুসারে উপদেষ্টা পরিষদ কমিটির সভায় মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার আলোচ্য বিষয় না থাকলে সংশ্লিষ্ট সহায়তাদানকারী কর্মকর্তার অনুপস্থিতিতে তাঁর প্রতিনিধি প্রেরণ যথোপযুক্ত হবে না।

(মোঃ মতিয়ার রহমান)
যুগ্মসচিব (কমিটি ও উন্নয়ন)
ফোন ঃ ৭১৬৯৭৪৫।

বিতরণ ঃ

১। মুখ্য সচিব,
প্রধান উপদেষ্টার কার্যালয়।
২। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক।
৩। সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪। সদস্য, পরিকল্পনা কমিশন (সকল)

অনুলিপি ঃ

মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব
(মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ক্রয় ও অর্থনৈতিক শাখা

নং-মপবি/শা-ক্রঃঅঃ/ক্রয়-০৪/২০০৭-৭৪

তারিখ ঃ ০৬ চৈত্র ১৪১৩
২০ মার্চ ২০০৭

বিষয় ঃ মালামাল/সেবা, ক্রয়/ সংগ্রহ এর ক্ষেত্রে দরপত্র আহ্বান এর বিজ্ঞপ্তি সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশ প্রসঙ্গে।

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, গত ০৮ মার্চ ২০০৭ তারিখে অনুষ্ঠিত সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি সভার সুপারিশের প্রেক্ষিতে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ

"ভবিষ্যতে ১.০০ (এক) কোটি বা তদুর্দ্ধ টাকার মালামাল/সেবা, ক্রয়/ সংগ্রহ এর ক্ষেত্রে দরপত্র আহ্বান এর বিজ্ঞপ্তি সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হয়েছে মর্মে সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রেরিত সার-সংক্ষেপে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব কর্তৃক একটি প্রত্যয়নপত্র দিতে হবে।" সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বিবেচনার জন্য প্রস্তাব প্রেরণ করবে।"

২। উক্ত সিদ্ধান্তটি সকল ক্রয় বা সংগ্রহের ক্ষেত্রে সাধারণভাবে প্রযোজ্য হবে এবং অবিলম্বে কার্যকর হবে।

(সালমা মমতাজ)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৬৮৩৯৮

১। মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
২। সচিব/ভারপ্রাপ্ত সচিব
---------------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৩। সদস্য
------------------------------------ পরিকল্পনা কমিশন (সকল)।
৪। মন্ত্রিপরিষদ বিভাগের সকল কর্মকর্তা।

অতি জরুরী
বিশেষ বাহক মারফত

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**ক্রয় ও অর্থনৈতিক শাখা**

নং-মপবি/শা-ক্রঃঅঃ/ক্রয়-০৬/২০০৭-১০৭

তারিখ ঃ ২৭ চৈত্র ১৪১৩ / ১০ এপ্রিল ২০০৭

**বিষয় ঃ সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় উপস্থাপনের নিমিত্ত সার-সংক্ষেপ প্রেরণের সময়সীমা প্রসঙ্গে।**

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, গত ০২ এপ্রিল ২০০৭ তারিখে অনুষ্ঠিত সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি সভার সুপারিশের প্রেক্ষিতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি সভায় উপস্থাপনের নিমিত্ত সার-সংক্ষেপ দরপত্রের বৈধতার সময়সীমা শেষ হওয়ার কমপক্ষে ৭ (সাত) কর্মদিবস পূর্বে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

(সালমা মমতাজ)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৬৮৩৯৮

১। মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
২। সচিব/ভারপ্রাপ্ত সচিব
---------------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৩। সদস্য, পরিকল্পনা কমিশন (সকল)।

অতি জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ক্রয় ও অর্থনৈতিক শাখা

নং-মপবি/শা-ক্রঃঅঃ/ক্রয়-০৯/২০০৭-১৫২

তারিখ ঃ ২৫ বৈশাখ ১৪১৪ / ০৮ মে ২০০৭

বিষয় ঃ সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় উপস্থাপনের নিমিত্ত সার-সংক্ষেপ প্রেরণ প্রসঙ্গে।

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, গত ২৩ এপ্রিল ২০০৭ তারিখে অনুষ্ঠিত সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি সভার সুপারিশের প্রেক্ষিতে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ

(ক) ভবিষ্যতে ক্রয়/সংগ্রহ সংক্রান্ত প্রস্তাবে প্রত্যাশা অনুমোদন কামনা না করে দরপত্রের Bid Validity'র মেয়াদ শেষ হওয়ার যথেষ্ট পূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় বিবেচনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগে সার-সংক্ষেপ আকারে প্রস্তাব প্রেরণ করবে।

(গ) সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বিবেচনার জন্য প্রেরিতব্য প্রস্তাব সার-সংক্ষেপের শিরোনামের সাথে সঙ্গতি রেখে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২। উক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো।

(সালমা মমতাজ)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৬৮৩৯৮

বিতরণ ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।

২। সচিব/ভারপ্রাপ্ত সচিব
---------------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ (সকল)

৩। সদস্য
পরিকল্পনা কমিশন (সকল)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**ক্রয় ও অর্থনৈতিক শাখা**

নং-মপবি/শা-ক্রঃঅঃ/ক্রয়-১১/২০০৭-২০৬

তারিখ ঃ ২৮ জ্যৈষ্ঠ ১৪১৪ / ১১ জুন ২০০৭।

**পরিপত্র**

**বিষয় ঃ সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় বিবেচনার জন্য প্রেরিত দরপ্রস্তাবের Bid Validity'র মেয়াদ শেষ হওয়ার কম পক্ষে ১৫ দিন পূর্বে সার-সংক্ষেপ আকারে প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।**

সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বিবেচনার জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ক্রয় প্রস্তাবের সার-সংক্ষেপ মন্ত্রিপরিষদ বিভাগে দরপত্রের Bid Validity'র মেয়াদ শেষ হওয়ার স্বল্প সময় পূর্বে প্রায়শ প্রেরণ করা হয়ে থাকে। ফলে প্রস্তাবটি যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা পূর্বক সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভা আহ্বান, কার্যবিবরণী লিখন ও কমিটির আহ্বায়ক মহোদয়ের স্বাক্ষর গ্রহণ শেষে সার-সংক্ষেপ প্রস্তুত করে মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদন গ্রহণের জন্য পর্যাপ্ত সময় পাওয়া যায় না। এ কারণে Bid Validity'র মেয়াদ শেষ হওয়ার পূর্বে কমিটির সভা আয়োজন করা সম্ভব না হলে দরদাতাগণ কোন কোন ক্ষেত্রে Bid Validity'র মেয়াদ বৃদ্ধি করতে সম্মত হয় না। এর ফলে মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত দরদাতার কাছ থেকে মালামাল, সেবা ক্রয়/সংগ্রহ করা সম্ভব না হওয়ায় একদিকে সরকারী আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হয়, অপরদিকে সময় ভিত্তিক পণ্য সংগ্রহ পরিকল্পনা বাস্তবায়ন করা অসম্ভব হয়ে পড়ে। অথচ, ইহা পরিলক্ষিত হচ্ছে যে, দরপত্র দাখিলের পর থেকে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনে অপেক্ষাকৃত দীর্ঘ সময় অতিবাহিত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাবের সার-সংক্ষেপ Bid Validity'র মেয়াদ শেষ হওয়ার পূর্বক্ষণে প্রেরণ করে থাকে যা যুক্তিগ্রাহ্য, বাস্তবসম্মত ও সমীচীন নহে।

২। এ ধরণের অনাকাঙ্খিত পরিস্থিতি এড়ানোর লক্ষ্যে গত ২৯/০৫/২০০৭ তারিখে অনুষ্ঠিত সভায় সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি নিম্নরূপ অনুশাসন প্রদান করেছে ঃ

> "ভবিষ্যতে দরপত্রের Bid Validity'র মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে সার-সংক্ষেপ আকারে প্রস্তাব সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বিবেচনার নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।"

৩। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে উপদেষ্টা পরিষদ কমিটির সুস্পষ্ট অনুশাসন অব্যর্থভাবে পরিপালনের লক্ষ্যে Bid Validity'র মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে সার-সংক্ষেপ আকারে ক্রয় প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

(মোঃ মতিয়ার রহমান)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।
ফোন ঃ ৭১৬৯৭৪৫।

বিতরণ ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
২। সচিব/ভারপ্রাপ্ত সচিব
------------------------------------------------------------ মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৩। সদস্য
------------------------------------------------------------ পরিকল্পা কমিশন (সকল)।
৪। মন্ত্রিপরিষদ বিভাগের সকল কর্মকর্তা।
৫। মাননীয় উপদেষ্টা
------------------------------------------------------------ আহ্বায়ক/সদস্য, সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি এর একান্ত সচিব (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ক্রয় ও অর্থনৈতিক শাখা

নং-মপবি/শা-ক্রঃঅঃ/ক্রয়-২২/০৭-৪২৮

২৪ কার্তিক ১৪১৪
তারিখ ঃ ---------------------
০৮ নভেম্বর ২০০৭

বিষয়-ঃ মালামাল/সেবা সংগ্রহ সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি CPTU এর Website এ প্রকাশ প্রসঙ্গে।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, উল্লিখিত বিষয়ে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ

"ভবিষ্যতে মালামাল/সেবা সংগ্রহ সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি CPTU এর Website এ প্রকাশ নিশ্চিত করে তা সার-সংক্ষেপে উল্লেখপূর্বক সকল মন্ত্রণালয়/বিভাগ সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বিবেচনার জন্য প্রস্তাব প্রেরণ করবে।"

২। এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ আলী হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং- ৭১৬৮৩৯৮

১। মূখ্য সচিব,
প্রধান উপদেষ্টার কার্যালয়;

২। সচিব,
-------------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ (সকল)

অনুলিপি ঃ

মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**ক্রয় ও অর্থনৈতিক শাখা**

নং-মপবি/শা-ক্রঃঅঃ/ক্রয়-১১/২০০৭-৪৫৮

তারিখ ঃ ১৪ অগ্রহায়ণ ১৪১৪ / ২৮ নভেম্বর ২০০৭।

**বিষয় ঃ সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় বিবেচনার জন্য প্রেরিতব্য দরপ্রস্তাবের Bid Validity'র মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ১৫ দিন পূর্বে সার-সংক্ষেপ আকারে প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।**

সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বিবেচনার জন্য ক্রয় প্রস্তাবের সার-সংক্ষেপে দরপ্রস্তাবের Bid Validity'র মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ১১ জুন, ২০০৭ তারিখের মপবি/শা-ক্রঃঅঃ/ক্রয়-১১/২০০৭-২০৬ নং স্মারকে এক পরিপত্র জারী করা হয়েছিল। কিন্তু কোন কোন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্রের নির্দেশনা পরিপালন করা হচ্ছে না। ফলে সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভা আহ্বান ও পরবর্তী কার্যক্রম সম্পাদনে বিভিন্ন রকম জটিলতার সৃষ্টি হচ্ছে।

২। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্রের সুস্পষ্ট নির্দেশনা অব্যর্থভাবে পরিপালনের জন্য পুনরায় অনুরোধ করা হলো। পরিপত্রের নির্দেশনা মোতাবেক ক্রয় প্রস্তাবের সার-সংক্ষেপ যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ না করার কারণে দরপ্রস্তাবের Bid Validity'র মেয়াদ অতিক্রান্ত হওয়ায় মালামাল ও সেবা ক্রয়/সংগ্রহ করার ব্যর্থতার দায় সম্পূর্ণভাবে সংশিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর উপর বর্তাবে।

(মোঃ মতিয়ার রহমান)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।
ফোন ঃ ৭১৬৯৭৪৫।

**বিতরণ ঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব,
মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। মুখ্য সচিব,
প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব
-----------------------------------------------------------
মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

৪। সদস্য, পরিকল্পনা কমিশন (সকল)।
-----------------------------------------------------------

৫। মাননীয় প্রধান উপদেষ্টার একান্ত সচিব
প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৬। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব
-----------------------------------------------------------
মন্ত্রণালয়। (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**ক্রয় ও অর্থনৈতিক শাখা**

৩০ বৈশাখ ১৪১৩
নং-মপবি/শা-ক্রঃঅঃ/বিবিধ-৩(৪)/২০০২-৮৭ তারিখ ঃ --------------------
১৬ এপ্রিল ২০০৭

**বিষয় ঃ সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির/অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য সার-সংক্ষেপ প্রণয়ন ও প্রেরণ প্রসঙ্গে।**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি অথবা অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য সার-সংক্ষেপ প্রণয়নে কোন কোন ক্ষেত্রে কার্যবিধিমালা, ১৯৯৬ (Rules of Businese- 1996) এর বিধানাবলী ও The Public Procurement Regulations-2003 (PPR-2003) এবং অত্র বিভাগ থেকে জারীকৃত সার্কুলার/পরিপত্র/স্মারক যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না। অনেক ক্ষেত্রে অসম্পূর্ণ বা ত্রুটিযুক্ত সার-সংক্ষেপ প্রেরণ করা হয়ে থাকে। ফলশ্রুতিতে সংশ্লিষ্ট প্রস্তাবের উপর সিদ্ধান্ত গ্রহণ বিলম্বিত হয়।

২। উক্ত প্রেক্ষাপটে সকল মন্ত্রণালয়/বিভাগকে সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি/অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য সার-সংক্ষেপ প্রণয়নকালে কার্যবিধিমালা, ১৯৯৬ এর ২২ ধারা (১৯ ও ২১ ধারাসহ পঠিত) ও he Public Procurement ulations-2003 (PPR-2003) এবং অত্র বিভাগ থেকে জারীকৃত সার্কুলার/পরিপত্র/স্মারক যথাযথবাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৩। এছাড়াও সার-সংক্ষেপে নিম্নরূপ প্রত্যয়নপত্র উল্লেখকরার জন্য অনুরোধ করা হলো ঃ

(ক) নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগের সচিব কর্তৃক সার-সংক্ষেপে অন্তর্ভূক্ত করে প্রাপ্ত প্রস্তাবের ব্যাপারে সুনির্দিষ্টভাবে এ মর্মে প্রতয়ন করতে হবে যে, "বিবেচ্য ক্রয়/সংগ্রহ/নির্মাণ চুক্তির প্রস্তাব প্রক্রিয়াকরণে ক্রয়/সংগ্রহ/নির্মাণ সংক্রান্ত প্রচলিত আইন ও বিধি/প্রবিধান পুরোপুরি অনুসরণ করা হয়েছে এবং বিবেচ্য প্রস্তাবটি সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধানের পরিপন্থী নয়। এ ক্ষেত্রে প্রচলিত নিয়ম নীতির কোন ব্যত্যয় ঘটেনি। সুপারিশকৃত দরদাতার/দাতাদের প্রস্তাব এর সাথে Tender/Request for Proposal (RFP) ডকুমেন্টের সম্পূর্ণ সামঞ্জস্য রয়েছে। উপস্থাপিত কাগজপত্রের সাথে Tender/Request for Proposal (RFP) ডকুমেন্টের সম্পূর্ণ সামঞ্জস্য রয়েছে।সংশ্লিষ্ট কাগজপত্রে বর্ণিত তথ্য সার-সংক্ষেপে সুস্পষ্টভাবে প্রতিফলিত হয়েছে কোন বস্তুনিষ্ঠ/উল্লেখযোগ্য তথ্য সার-সংক্ষেপে অনুল্লিখিত নেই" কোনরূপ ব্যত্যয় থাকলে তাও সুনির্দিষ্টভাবে উল্লেখ করে সে ব্যাপারে নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগের সুস্টষ্ট মতামত/সুপারিশ থাকতে হবে। টেন্ডার আহ্বানকারী সংস্থার টেন্ডার মূল্যায়ন সংক্রান্ত অনুরূপ প্রত্যয়ন পত্রও সার-সংক্ষেপে অন্তর্ভুক্ত থাকতে হবে।

(খ) মন্ত্রণালয়/বিভাগের 'দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী মহোদয় সার-সংক্ষেপটি দেছেছেন ও অনুমোদন করেছেন এবং সার-সংক্ষেপটি সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি/অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে প্রেরণের জন্য সদয়সম্মতি জ্ঞাপন করেছেন মর্মে সার-সংক্ষেপে উল্লেখ থাকতে হবে।

৪। উল্লেখ্য যে, অনুচ্ছেদ ৩ এর (ক) ও (খ) সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য এবং ৩ এর (খ) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসবা কমিটির জন্য প্রণীতব্য সার-সংক্ষেপের ক্ষেত্রে প্রযোজ্য।

(মুহাম্মদ আব্দুস সামাদ)
উপ-সহকারী সচিব (অর্থনৈতিক)
ফোন ঃ ৭১৬৯৩৯৫

বিতরণ ঃ

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। মন্ত্রিপরিষদ সচিব/ভারপ্রাপ্ত সচিব
৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব
-------------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৩। সদস্য
---------------------------------- পরিকল্পনা কমিশন (সকল)।
৪। মন্ত্রিপরিষদ বিভাগের সকল কর্মকর্তা।

নং-মপবি/শা-ক্রঃঅঃ/বিবিধ-৩(৪)/২০০২-৮৭

তারিখ ঃ ৩০ বৈশাখ ১৪১৩ / ১৬ এপ্রিল ২০০৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

(১) মাননীয় মন্ত্রী, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় (আহ্বায়ক, সরকারী ক্রয়/অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি) এর একান্ত সচিব (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

(২) মাননীয় মন্ত্রী................................... মন্ত্রণালয় (সদস্য, সরকারী ক্রয়/অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি) এর একান্ত সচিব (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

(৩) চেয়ারম্যন, প্রাইভেটাইজেশন কমিশন এর একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(৪) নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড একান্ত সচিব (নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ তাজুল ইসলাম চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৬৮৩৯৮